

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

ই-মেইল বার্তা

স্মারক নম্বর.০০.৪৪.৫০০০.০০১.০৬.০০৩(ক).১৮ - ৬০৫ (মুক্ত)

তারিখঃ


০৬ শ্রাবণ, ১৪২৬
১৮ জুলাই, ২০১৯

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/ সংস্থায় প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাঁর দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণের জন্য কর্ম-পরিকল্পনার ৫, ও ৫.১ অনুচ্ছেদে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা আলোকে সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রস্তুত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০১(এক) পাতা।


মো: আজাদ জাহান
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
কুষ্টিয়া।
ফোন ০৭১৬২৩০০


- ১। বিভাগীয় দপ্তর/সংস্থা প্রধান (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

০১. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০২. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়াকে উত্তম চর্চার তালিকা জেলা তথ্য বাতায়নে প্রদর্শনের অনুরোধ করা হলো।

উত্তম চর্চার শিরোনাম: জনগণের দোরগোড়ায় স্বচ্ছতা ও দ্রুততার সাথে সেবা পৌঁছে দেয়া।

- ১। ডিজিটাল সেবার মাধ্যমে জনগণের কাঙ্ক্ষিত সেবা প্রদান নিশ্চিত করা।
- ২। বিভিন্ন মন্ত্রণালয় হতে জারিকৃত প্রজ্ঞাপন, বিধিমালা, পরিপত্র ও আদেশসমূহ দ্রুততার সঙ্গে স্ব স্ব দপ্তর/বিভাগের তথ্য বাতায়নে হালনাগাদ করা
- ৩। সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ, শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ
- ৪। কর্মকর্তা/কর্মচারীদের সম্পদ বিবরণী নির্ধারিত সময়ে কর্তৃপক্ষের নিকট প্রেরণ
- ৫। স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ
- ৬। শাখা/অধিশাখা/অধিনস্ত অফিস করা, পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করা।
- ৭। কর্মকর্তা/কর্মচারীদের সম্পদ বিবরণী নির্ধারিত সময়ে কর্তৃপক্ষের নিকট প্রেরণ
- ৮। জনগণের আবেদন/অভিযোগ সংক্রান্ত আবেদন সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে (বুধবার) নিয়মিত গণশুনানির ব্যবস্থা গ্রহণ করা এবং আবেদনের বিষয়ে তাৎক্ষণিক নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা।
- ৯। ফেজবুক পেইজের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তাৎক্ষণিক নাগরিক সেবা প্রদান নিশ্চিত করা হয়েছে।
- ১০। তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান অনুসরণে তথ্য প্রাপ্তির জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান আবেদন করলে নির্ধারিত সময়ে তথ্য প্রদান করা।
- ১১। অফিস চলাকালীন সময়ের মধ্যে কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে ইলেকট্রনিক (ডিজিটাল) হাজিরা পদ্ধতি প্রবর্তন করা।
- ১২। সেবাপ্রত্যাশীদের অহেতুক হয়রানি না করা, নির্ধারিত সময়ে সেবা প্রদান করা হচ্ছে কিনা, সেবা প্রদানের ক্ষেত্রে কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হচ্ছে কিনা তা নিয়মিত মনিটর এবং কার্যালয়ের প্রতিটি কক্ষে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা।
- ১৩। স্ব স্ব দপ্তর/বিভাগের ওয়েব সাইট নিয়মিত পরীক্ষা, প্রাপ্ত তথ্য প্রতিনিয়ত ওয়েব সাইটে হালনাগাদ করা।
- ১৪। সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক কাজে সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন সরকারি নীতিমালা, প্রজ্ঞাপন ও বিধি-বিধান অনুসরণ ও আইন সম্পর্কে জ্ঞান লাভ করা এবং অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করা।
- ১৫। দপ্তর/সংস্থার সকল কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করা। প্রাপ্ত চিঠিপত্র অনলাইনে এন্ট্রি ও নথিখোলা অব্যাহত করা। পেপার লেস অফিস পরিচালনা করা।
- ১৬। বর্তমান সরকারের রাজনৈতিক ইশতেহার-২০১৮ বাস্তবায়ন করা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০২০ সম্পাদনপূর্বক তা হালনাগাদকরণ এবং তা বাস্তবায়ন করা।
- ১৭। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি ব্র্যান্ডিং কর্মসূচি, এসডিজি বাস্তবায়ন, ভিশন ২০২১, রপকল্প ২০৪১ বাস্তবায়ন।
- ১৮। স্ব স্ব দপ্তর/বিভাগের দুর্নীতি কমানোর লক্ষ্যে দৃশমান স্থানে অভিযোগ বক্স স্থাপন করা।
- ১৯। সেবা নিতে আসা স্টেকহোল্ডারদের বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা এবং বিশ্রামের ব্যবস্থা গ্রহণ করা।
- ২০। পিআরএল ভোগরত/অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর সরকারি পাওনাদি পরিশোধে অগ্রনী ভূমিকা গ্রহণ করা, তাদের সাথে ভদ্র আচরণ করা, কষ্ট না দেওয়া। অবসরপ্রাপ্ত কোন সরকারি কর্মচারী অসুস্থ হলে তাকে তাৎক্ষণিক সরকারি হাসপাতালের চিকিৎসক দ্বারা চিকিৎসা করানোর ব্যবস্থা গ্রহণ করা।
- ২১। সিনিয়র সিটিজেনদের প্রতি যথাযথ সম্মান দেখানো, জাতীয় দিবসসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দিবসে আমন্ত্রণ জানানো।


জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
কুষ্টিয়া।